

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(আইসিটি শাখা)
www.natore.gov.bd


স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯০০.০২৩.১৬.০১৭.১৫- ২৫৯

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪২২
২৪ নভেম্বর ২০১৫

বিষয় : ইউনিয়ন এবং পৌর ডিজিটাল সেন্টারে নারী উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ আয়োজন প্রসংগে

সূত্র : একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় এর ২২/১১/২০১৫ খ্রি. তারিখের ০৩.
৮০৪.০০.০০.০০.৭৫.২০১৫/১৭৫৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকপত্রের প্রেক্ষিতে মাইক্রোসফট কর্তৃক নিয়োগকৃত প্রশিক্ষণ প্রদানকারী সংগঠন INPACE এর পরিচালনায় এবং জেলা প্রশাসন, নাটোর এর ব্যবস্থাপনায় আগামী ২৬ নভেম্বর, ২০১৫ খ্রি. তারিখ জেলা প্রশাসক, নাটোর এর সম্মেলন কক্ষে নাটোর জেলার ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের দিনব্যাপী হার্ডওয়্যার ও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের নিমিত্ত জেলার সকল ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের ল্যাপটপসহ উপরোল্লিখিত তারিখ ও স্থানে সকাল ০৯- ৩০ টায় উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মুহম্মদ মুরাদুল ইসলাম)
সহকারী কমিশনার
ফোন: +৮৮- ০৭৭১- ৬৬৩৮৩

প্রাপক
নারী উদ্যোক্তা, নাটোর ইউনিয়ন/পৌর ডিজিটাল সেন্টার (সকল), নাটোর জেলা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। উপ- পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
(তাঁর আওতাধীন সকল ইউনিয়ন/পৌর ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)
- ৪। সিএ- টু- ডিসি, নাটোর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস নথি।